

বিজ্ঞপ্তি

গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, মন্ত্রণালয়ের অধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে এবারের গ্রীষ্মের ছুটি কমানো হয়েছে। ২ জুলাই পর্যন্ত এই ছুটি থাকার কথা ছিল। এখন নতুন সিদ্ধান্ত হলো, বুধবার (২৬ জুন) থেকে খুলে দেওয়া হবে শিক্ষাপ্রতিষ্ঠান। তবে শুক্রবারের পাশাপাশি শনিবারও সাপ্তাহিক ছুটি থাকবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-২৮১

তারিখ : ০৬ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
২০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ


প্রজ্ঞাপন

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শীত, তাপদাহ এবং অন্যান্য কারণে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকার ফলে সূচ শিখন ঘাটতি পূরণ এবং আগামী ০৩ জুলাই ২০২৪ খ্রি: তারিখ হতে বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময়সূচি নির্ধারিত থাকায় শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ছুটি সংকীর্ণ করে ০২ জুলাই ২০২৪ খ্রি: তারিখের পরিবর্তে ২৫ জুন, ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। আগামী ২৬ জুন, ২০২৪ খ্রি: তারিখ হতে যথারীতি শ্রেণি কার্যক্রম চলমান থাকবে।

০২। গত ২৫ এপ্রিল, ২০২৪ খ্রি: তারিখে ৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-২১৪ নং প্রজ্ঞাপন সূলে সাপ্তাহিক শনিবার শ্রেণি কার্যক্রম ও পাঠদান পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্ত স্থগিত করা হলো এবং পূর্বের ন্যায় শনিবার সাপ্তাহিক ছুটি বহাল থাকবে। তবে আগামী ০৩ জুলাই ২০২৪ খ্রি: তারিখ হতে অনুষ্ঠিতব্য বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময়সূচিতে শনিবার অন্তর্ভুক্ত থাকলে মূল্যায়নসহ অন্যান্য কার্যক্রম চলবে এবং ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোসাম্মৎ রহিমা আক্তার)
উপসচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-২৮১

তারিখ : ০৬ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
২০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার.....(সকল)
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৮. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ ইকোটন রোড, ঢাকা
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

.....
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
সোনাপুর উচ্চ বিদ্যালয়